

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১,সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.dnc.gov.bd

নথি নং- ৫৮.০২.০০০০.০০৮.১৮.০২১(অংশ-১).২০/ ৪২১

০৪ জৈষ্ঠ্য ১৪২৭
তারিখ: _____
১৮ মে, ২০২০খ্রি:


বিষয় : করোনা ভাইরাস এর দেশব্যাপী সংক্রমণ রোধে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদনের লক্ষ্যে রেস্তিফাইড স্পিরিট ক্রয়, সংরক্ষণ, ব্যবহার ও পরিবহনের পারমিট(সাময়িক) ইস্যুকরণ প্রসঙ্গে।

সূত্র : মেসার্স এলিট কসমেটিকা লিমিটেড, নরসিংদী এর ১৩/০৫/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, “মেসার্স এলিট কসমেটিকা লিমিটেড” নরসিংদী এর মাদকদ্রব্য রেস্তিফাইড স্পিরিট ক্রয় ও ব্যবহারের লাইসেন্স(রং ৩৬/২০০৭-০৮) এর অনুকূলে হ্যান্ড স্যানিটাইজার তৈরী ও বিক্রয়ের লক্ষ্যে সরকার নির্ধারিত মাদকশুল্কসহ সকল মূল্য পরিশোধ সাপেক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান হতে ১,০০০(এক হাজার) লিটার রেস্তিফাইড স্পিরিট ক্রয়, সংরক্ষণ, ব্যবহার ও পরিবহনের পারমিট সাময়িকভাবে অনুমতি প্রদান করা হলো।

২। উক্ত বরাদ্দকৃত রেস্তিফাইড স্পিরিট/ইথানল এ্যালকোহল এর মাধ্যমে যথাযথ নিরাপত্তা ও রাসায়নিক প্রক্রিয়া অনুসরণ করে হ্যান্ড স্যানিটাইজার উৎপাদন করে ব্যবহার/বিপণন করতে হবে। উৎপাদন, সংরক্ষণ ও বিপণনের বিষয়টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা যথাযথভাবে মনিটরিং করবেন এবং এর প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, এই অনুমোদন এক বারের জন্য প্রযোজ্য হবে।

জনাব মো: মাসুদ রানা
ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স এলিট কসমেটিকা লিমিটেড
সৈয়দনগর, নরসিংদী।


(এস এম জাকির হোসেন)
(যুগ্মসচিব)
পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৮৩২২১৯৬
E-mail: dirtrdncbd@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/খুলনা/রাজশাহী/রংপুর।
- ২। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নরসিংদী/রাজবাড়ী/ চুয়াডাঙ্গা/নাটোর।
- ৪। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী(অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি।